

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৭

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ কুর'আন পাঠের ক্ষেত্রে উম্মাতের জন্য সহজতা চেয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যা কিছু প্রার্থনা করেছেন, মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাঁর প্রিয় রাসূলের সব দু'আ কবুল করে তাঁর উপর অনুগ্রহ করেছেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى صَفِيّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِكُلِّ مَسْأَلَةٍ سَأَلَ بِهَا التَّخْفِيفَ عَنْ أُمَّتِهِ فِي قِرَاءَةِ الْقُرْآن بدعوة مستجابة

আরবী

737 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّنَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بِن عُبِيْدِ حَدَّنَنَا إِسْمَاعِيلُ بِن أَبِي خَالِدِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عِيسَى عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ أَبْيِ بْنِ كَعْبِ قَالَ: كُنْتُ جَالِسًا فِي الْمَسْجِدِ فَدَخَلَ رَجُلٌ فَقَرَأً قِرَاءَةً أَنْكَرْتُهَا عَلَيْهِ ثُمَّ دَخَلَ آخَرُ فَقَرَأً قِرَاءَةً سِوَى قِرَاءَةِ صَاحِبِهِ فَلَمَّا قَضَى الصَّلَاةَ دَخَلَا جَمِيعًا عَلَى النّبِيِّ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ هَذَا قَرَأً قِرَاءَةً أَنْكَرْتُهَا عَلَيْهِ ثُمَّ قَرَأَ الْآخَرُ قِرَاءَةً سِوَى قِرَاءَةِ صَاحِبِهِ فَقَلْتُ: رَاعُولُ اللَّهِ إِنَّ هَذَا قَرَأً قِرَاءَةً أَنْكَرْتُهَا عَلَيْهِ ثُمَّ قَرَأَ الْآخَرُ قِرَاءَةً سُوى قِرَاءَةِ صَاحِبِهِ فَقَالَ لَهُمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اقْرَآ) فَقَرَآ فَقَالَ: (أَحْسَنتُمَا أَوْ قَالَ مَنْتُمَا) قَالَ: فَلَمَّا قَالَ لَهُمَا الَّذِي قَالَ كَبُرَ عَلَيَّ فَلَمَّا رَأَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا غَشِينِي ضَرَبَ فِي صَدْرِي فَكَأَنِّي أَنْظُرُ إِلَى رَبِّي فَرَقَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ الْمَعْقِيقِ أَنْ وَلَيْ أَوْنَ رَبِّي أَرْسُلَ إِلَيَّ : أَنِ اقْرَأَ الْقُرْآنَ عَلَى حَرْفِ فِرددتُ عَلَيْهِ أَنْ هُونِ عَلَى اللَّهُ مَا غُورْ لِأُمْتِي ثُمَّ أَخُرْتُ الثَّانِيَةَ إِلَى يَوْمِ يَرْغَبُ إِلَيَّ فِيهِ الخلق عَلَى أَلْكُومُهُمُ

الراوي: أُبَيّ بْن كَعْبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح أبن حبان

الصفحة أو الرقم: 737 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা



৭৩৭. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, "আমি মসজিদে বসে ছিলাম, এসময় এক ব্যক্তি মসজিদে প্রবেশ করে কিছু আয়াত এমনভাবে পাঠ করেন, যা আমি প্রতিবাদ করি। তারপর আরেক ব্যক্তি প্রবেশ করে, অতঃপর সে পূর্বের ব্যক্তি থেকে ভিন্ন রীতিতে কিছু আয়াত পাঠ করেন। যখন তিনি সালাত শেষ করেন, তখন তারা দুইজনই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে প্রবেশ করেন। তখন আমি বললাম, " হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই ব্যক্তি এমনভাবে কিরা আত পড়েছেন, যা আমি প্রতিবাদ করেছি। তারপর তার সঙ্গী আরেক রীতিতে আয়াত পাঠ করেছেন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের দুইজনকে বলেন, "আপনারা পড়ন তো।" অতঃপর তারা পড়লেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শুনে বললেন, "আপনারা ভাল পড়েছেন। (রাবীর সন্দেহ অথবা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) আপনারা সঠিক পড়েছেন।" উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাদেরকে এরকম কথা বললেন, তখন ব্যাপারটি আমার কাছে খুবই কষ্টদায়ক হলো। যে অস্থিরতা আমাকে পরিবেষ্টন করেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তা বুঝতে পারলেন, তখন তিনি আমার বুকে হাত দিয়ে আঘাত করলেন, তাতে ভয়ে আমার অবস্থা এমন হলো যেন আমি আমার প্রতিপালককে দেখতে পেলাম!" তিনি আমাকে বললেন, "হে উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু, নিশ্চয়ই আমার প্রতিপালক আমার কাছে বার্তা পাঠিয়েছেন, "আপনি এক রীতিতে কুর'আন পাঠ করুন।" আমি তাঁর কাছে পুনরায় আবদার করলাম, "আপনি আমার উম্মাতের উপর সহজ করে দিন।" আমি এটি দুইবার বললাম। তখন তিনি জবাব দিলেন, "আপনি কুর'আন সাত রীতিতে কুর'আন পাঠ করুন। আর আমার প্রতিটি জবাবের বদৌলতে কিয়ামতের দিন আপনার জন্য একটি করে চাওয়া (পূরণ) এর সুযোগ থাকবে।" আমি বললাম, "হে আল্লাহ, আপনি আমার উম্মাতকে ক্ষমা করে দিন।" আর আরেকটি চাওয়া আমি রেখে দিয়েছি সেই দিনের জন্য যেদিন সৃষ্টিজীব আমার কাছে তা প্রত্যাশা করবে, এমনকি ইবরাহিম আলাইহিস

ফুটনোট

সালামও।"[1]

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫১৬; সহীহ মুসলিম: ৮২০; মুসনাদ আহমাদ: ৫/১২৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২৭; তাবারী: ৩০।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩২৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন